

মডিউল-৩: কবিতা

নৈবেদ্য

১। বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয় (৩০ সংখ্যক কবিতা)

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তর ✓ দ্বারা চিহ্নিত কর।

১। বৈরাগ্য সাধনে মুক্তি নৈবেদ্যের কত সংখ্যক কবিতা ?

- (ক) ৬৪ সংখ্যক (খ) ৭২ সংখ্যক
(গ) ২৪ সংখ্যক (ঘ) ৩০ সংখ্যক

উত্তর: (ঘ) ৩০ সংখ্যক

২। মুক্তি শব্দটি এখানে কোন অর্থে ব্যবহৃত?

- (ক) আত্মার মোহ মুক্তি (খ) চিরবন্ধন থেকে মুক্তি
(গ) বিদেহ মুক্তি (ঘ) মনের বন্ধন মুক্তি

উত্তর: (ক) আত্মার মোহ মুক্তি

৩। বৈরাগ্য বলতে কি বোঝানো হয়েছে?

- (ক) সিদ্ধিলাভ (খ) যে- কোন মোহ থেকে মুক্তি
(গ) সন্ন্যাসী হওয়া (ঘ) সাধনায় মতি

উত্তর: (খ) যে-কোন মোহ থেকে মুক্তি

৪। মোহ মোর মুক্তিরূপে উঠিবে জ্বলিয়া- কোন কবিতার অংশ?

- (ক) স্বার্থের সমাপ্তি অপঘাতে (খ) শতাব্দীর সূর্য আজি
(গ) চিত্ত যেথা ভয় শূন্য (ঘ) বৈরাগ্য সাধনে মুক্তি

উত্তর: (ঘ) বৈরাগ্য সাধনে মুক্তি

৫। বর্তিকা শব্দের অর্থ কি?

- (ক) চন্দ্র (খ) সূর্য
(গ) শিখা (ঘ) জ্যোৎস্না

উত্তর: (গ) শিখা

৬। রবীন্দ্রনাথ কিসের মাধ্যমে মুক্তির স্বাদ পেতে আগ্রহী?

- (ক) মনের মাঝারে (খ) মুক্ত প্রকৃতিতে
(গ) অসংখ্য বন্ধন মাঝে (ঘ) অভেদের বেড়াজালে

উত্তর: (গ) অসংখ্য বন্ধন মাঝে

৭। কি জ্বলে উঠবে মুক্তিরূপে ?

- (ক) মোহ (খ) ভ্রান্তি
(গ) পার্থিব আসক্তি (ঘ) সংসার বন্ধন

উত্তর: (ক) মোহ

৮। কি ফলে উঠবে ভক্তিরূপে?

- (ক) প্রেম (খ) প্রীতি
(গ) শ্রদ্ধা (ঘ) জীবনাসক্তি

উত্তর: (ক) প্রেম

৯। অবিরত শব্দের অর্থ কি?

- (ক) বিরামহীন (খ) আনন্দধারা
(গ) জলপ্রবাহ (ঘ) স্তম্ভ

উত্তর: (ক) বিরামহীন

১০। 'তোমার অমৃত ঢালি দিবে অবিরত'-'তোমার' বলতে কার কথা বলা হয়েছে?

- (ক) বিশ্ববিধাতার (খ) প্রকৃতির
(গ) বসুধার (ঘ) সূর্যালোকের

উত্তর: (ক) বিশ্ববিধাতার

১১। 'অমৃত' বলতে কি বোঝানো হয়েছে?

- (ক) সুধা বিশেষ (খ) অমরত্বদানকারী
(গ) বিষ নয় এমন (ঘ) মৃত্যুদানকারী

উত্তর: (ক) সুধা বিশেষ

১২। ‘মন্দির’ শব্দটির অর্থ লেখ:

(ক) দেবালয়

(খ) দেবতা

(গ) গৃহ

(ঘ) মূর্তি

উত্তর: (ক) দেবালয়

১৩। ‘..... বর্তিকায় জ্বালায়ে তুলিবে আলো’।- শূন্যস্থান পূরণ করো।

(ক) সহস্র

(খ) লক্ষ

(গ) প্রদীপ

(ঘ) উজ্জ্বল

উত্তর: (খ) লক্ষ

১৪। ‘রুদ্ধ’ শব্দের অর্থ লেখো।

(ক) মুক্ত

(খ) বদ্ধ

(গ) মুক্তি

(ঘ) শিথিল

উত্তর: (খ) বদ্ধ

১৫। ‘বৈরাগ্য সাধনে.....সে আমার নয়।’- শূন্যস্থান পূরণ করো।

(ক) মুক্তি

(খ) মোক্ষ

(গ) শান্তি

(ঘ) তৃপ্তি

উত্তর: (ক) মুক্তি

১৬। ‘যোগাসন’ বলতে কবি কি বোঝাতে চেয়েছেন?

(ক) ধ্যান

(খ) ঈশ্বরের আরাধনা

(গ) যৌগিক আসন

(ঘ) ব্যায়াম

উত্তর: (ক) ধ্যান

১৭। কবি অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময় হয়ে কি লাভ করবে?

(ক) মুক্তির স্বাদ

(খ) আনন্দ

(গ) ধন-দৌলত

(ঘ) সদানন্দ

উত্তর: (ক) মুক্তির স্বাদ

১৮। 'মোহ মোর' কি রূপে জ্বলে উঠবে?

(ক) মুক্তিরূপে

(খ) স্নেহরসে

(গ) ভক্তিরূপে

(ঘ) আনন্দরসে

উত্তর: (ক) মুক্তিরূপে

১৯। 'প্রেম মোর রূপে রহিবে ফলিয়া'-

(ক) ভক্তিরূপে

(খ) মুক্তিরূপে

(গ) আনন্দরূপে

(ঘ) স্নেহরসে

উত্তর: (ক) ভক্তিরূপে

২০। 'মুক্তি' শব্দের অর্থ কি?

(ক) নিষ্কৃতি

(খ) ভক্তি

(গ) আনন্দ

(ঘ) ধ্যান

উত্তর: (ক) নিষ্কৃতি

২১। 'ইন্দিয়ের দ্বার'-দ্বার শব্দের অর্থ কি?

(ক) দরজা

(খ) জানালা

(গ) মুক্ত

(ঘ) বন্ধ

উত্তর: (ক) দরজা